সবচেয়ে কম করোনা শনাক্ত মেহেরপুরে, বেশি রাজধানীতে

এখন পর্যন্ত দেশে সবচেয়ে বেশি করোনা রোগী শনাক্ত হয়েছে রাজধানী ঢাকায়। আর সবচেয়ে কম রোগী শনাক্ত হয়েছে মেহেরপুরে। বাংলাদেশের রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইইডিসিআর) বরাত দিয়ে বিবিসি বাংলা এ তথ্য জানিয়েছে।

আইইডিসিআরে তথ্য অনুযায়ী, শুধু ঢাকা জেলাতেই করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৭০ হাজারের বেশি মানুষ। এর মধ্যে ঢাকা মহানগরীতে আক্রান্ত হয়েছেন ৬৬ হাজার মানুষ। এরপর সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন চট্টগ্রামের বাসিন্দারা। এই জেলায় আক্রান্ত হয়েছেন ১৫ হাজার মানুষ। আক্রান্তের তালিকায় এরপরে রয়েছে- নারায়ণগঞ্জ (৬,০৩৩ জন), কুমিল্লা (৫,৮২৩ জন), ফরিদপুর (৫,২৮৮ জন)।

করোনাভাইরাসে সবচেয়ে কম রোগী শনাক্ত হয়েছে মেহেরপুর জেলায়। এখন পর্যন্ত এই জেলায় শনাক্ত হয়েছেন ২৪৬ জন।
শনাক্তের কম সংখ্যার দিক থেকে এরপরে রয়েছে পঞ্চগড়ের অবস্থান। এই জেলায় শনাক্ত হয়েছে ৩৪৫ জন। আর লালমনিরহাটে ৪১৯ জন।

উল্লেখ্য, দেশে প্রাণঘাতী করোনাভাইরাসে (কভিড-১৯) আক্রান্ত রোগী শনাক্ত প্রায় ২ লাখ ৬০ হাজারের কাছাকাছি। এখন পর্যন্ত মারা গেছেন প্রায় ৩ হাজার ৪০০ জন।

সূত্র- বিডি প্রতিদিন

জীবননগরে স্থাপিত হতে চলেছে ‘হাই-ফ্লো অক্সিজেন প্লান্ট’

করোনায় আক্রান্তদের জন্য মানবতার অন্যতম দৃষ্টান্ত স্থাপন করতে যাচ্ছেন এলাকার কৃতি সন্তান মোখলেছুর রহমান টিপু তরফদার। নিচ তলায় থাকবে ৪টি বড় সিলিন্ডার এবং অক্সিজেন সরবারহ লাইনের মাধ্যমে

৩য় তলায় বেড ও কেবিনে ফ্লো-মিটারের মাধ্যমে রোগীর প্রয়োজনে সহজেই অক্সিজেন ব্যবহার করতে পারবে। ব্যাক-আপের জন্য অতিরিক্ত ৪টি সিলিন্ডার সর্বদা মজুদ থাকবে।

প্রায় ১০ লক্ষ টাকা ব্যয়ে তিনি এই অক্সিজেন প্লান্ট স্থাপন করছেন। ইতোপূর্বে তিনি দামুড়হুদা উপজেলা হাসপাতালে একই রকমের হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপন করেছেন। যার মাধ্যমে এলাকার স্থানীয় করোনা আক্রান্ত রোগীরা সেবা নিচ্ছেন।

বাংলাদেশে করোনা সনাক্তকরণের পরপরই বিএন্ডটি গ্রুপের চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা বিএনপি নেতা ইঞ্জিনিয়ার মোখলেছুর রহমান (টিপু তরফদার) কেন্দ্রের নির্দেশে গত ২৮শে এপ্রিল ২০২০ থেকে ১৫ই মে ২০২০ পর্যন্ত চুয়াডাঙ্গা নির্বাচনী এলাকায় নেতা-কর্মীদের মাধ্যমে ১৩ হাজার কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল ও ৫ কেজি করে আলু মানবিক সহায়তায় প্রদান করেন।

পরবর্তীতে তিনি তার নির্বাচনী এলাকায় যে সকল মানুষ করোনা ভাইরাস চিহ্নিত হয়েছেন এবং নানা কারণে লক ডাউনে পড়েছেন তাদের প্রতি পরিবারের জন্য লোকসংখ্যা অনুযায়ী মানবিক সহায়তা প্রদান করেছেন।

জীবননগর উপজেলা হাসপাতালে হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপনে কাজ করেছেন ঢাকাস্থ রবিন এন্টারপ্রাইজ। ইতোমধ্যে ঐ কোম্পানিকে মোট ব্যয়ের ৭৫% টাকা অগ্রিম পেমেন্ট করা হয়েছে। আগামী ১১-১২ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্লান্টটি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে বলে জানান, জীবননগর পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জীবননগর থানার প্রধান ত্রাণ সমন্বয়কারী জনাব মাহাতাব উদ্দীন (চুন্নু)।

তিনি আরো জানান, হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট সম্পর্কিত কোন তথ্য জানার জন্য, যোগাযোগ করার জন্য অনুরোধ রইলো। দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ জহুরুল ইসলাম, মোবাইল: ০১৭১৪-৪৪২৯৩০, জীববনগর পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ মাহাতাব উদ্দীন (চুন্নু), মোবা: ০১৭১৩-৯২২৮৩২।

আলমডাঙ্গার জামজামীতে সরকারি ঔষধ বিক্রি করায় ওহেদকে ৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গার জামজামীতে ঔষধের দোকানে সরকারি হাসপাতালের ঔষধ পাওয়ায় দোকানী ওহেদ আলীকে ৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) হুমায়ন কবির। এ সময় দোকানে সরকারি ও মেয়াদোত্তীর্ণ আনুমানিক ২০ হাজার টাকার ঔষধ পুড়িয়ে দেওয়া হয়।

আদালত সূত্র জানায়, জামাজামী ইউনিয়নের মধুপুর গ্রামের পল্লী চিকিৎসক ওহেদ আলী জামজামী বাজারের ব্রীজ মোড়ে একটি ঔষধের দোকান পরিচালনা করেন। তিনি বিশেষ ব্যবস্থায় সরকারি হাসপাতালের বেশকিছু ব্রান্ডেল ঔষধ দোকানে রেখে বিক্রি করে আসছিলেন। এছাড়া তার দোকানে অনেক মেয়াদোত্তীর্ণ ঔষধ পাওয়া যায়।

স্থানীয়রা জানায়, মধুপুরে কমিউনিটি ক্লিনিক থেকে ওহেদ অসাধু কর্মকর্তার মাধ্যমে সরকারি ঔষধ কম দামে কিনে বিক্রি করেন। এটা অনেকটা ওপেন সিক্রেট।
এ সময় আদালতের নিরাপত্তায় ছিলেন জামজামী ক্যাম্পের এএসআই আনিছুর রহমান।

সড়ক দুর্ঘটনায় আহত ক্রিকেটার নাঈমের মৃত্যু

টানা ১২ দিন বাঁচার জন্য লড়াই করে অবশেষে না ফেরার দেশে চলে গেলেন ক্রিকেটার এমদাদ হোসেন নাঈম। কেরানীগঞ্জের বাসায় চিকিৎসাধীন অব্স্থায় শনিবার রাতে মারা যান তিনি। মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় গুরুতর আঘাত পেয়েছিলেন ২৫ বছর বয়সী এই অলরাউন্ডার।

কেরানীগঞ্জ মডেল থাকার ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) কাজী মাইনুল ইসলাম বিষয়টি নিশ্চত করে বলেন, ‘গত ২৬ জুলাই রোহিতপুর এলাকায় মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় আঘাত পান নাঈম। সেখান থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাসায় পাঠানো হয় তাকে। বাসায় চিকিৎসাধীন থাকা অবস্থায়ই শনিবার রাতে তিনি মারা যান।’

নাঈমের বাবা মো. রব মিয়া জানান, মাথায় আঘাত পাওয়ার কারণে তার ছেলের মৃত্যু হয়েছে। শনিবার রাত ১০টায় তার নিজ এলাকায় ধর্মশুর পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়।
ঢাকার ক্লাব ক্রিকেটে মোটামুটি পরিচিত মুখ ছিলেন নাঈম। তিনি ঢাকা ওয়ান্ডারার্স ক্লাবে অলরাউন্ডার হিসেবে খেলতেন।

সূত্র- বিডি প্রতিদিন

স্বাস্থ্যবিধি না মানায় কুষ্টিয়ায় ৫৩ জনকে জরিমানা

স্বাস্থ্যবিধি না মানায় কুষ্টিয়ায় ৫৩জনকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

রবিবার দুপুরে শহরতলীর জগতিসহ বিভিন্ন এলাকায় এই অভিযান পরিচালনা করেন জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ সবুজ হাসান।

এ সময় তিনি জানান, স্বাস্থ্যবিধি না মানায় কুষ্টিয়া জেলা শহর ও পার্শ্ববর্তী বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৫৩ জনকে করোনা সংক্রমণ বিস্তার রোধে মাস্ক পরিধান না করায় সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ এর ২৫(২) ধারায় বিভিন্ন অংকের জরিমানা করা হয়।

অভিযান অব্যহত থাকবে বলেও জানান তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুজিবনগরে ১৬৮ জন বীর মুক্তিযোদ্ধাকে সম্মাননা ক্রেস্ট প্রদান

২৬ মার্চ ২০২০ উপলক্ষ্যে মুজিবনগরের ১৬৮জন বীর মুক্তিযোদ্ধাকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়েছে। রবিবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর অফিস কার্যলয়ে এ সকল ক্রেষ্ট প্রদান করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনির সভাপতিত্বে ক্রেষ্ট প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার আব্দুল জলিল,বীর মুক্তিযোদ্ধা আহসান হাবিব, হারুনুর রশিদ, লুৎফর সহ উপজেলার মুক্তিযোদ্ধাগন।

উল্যেখ্য, গত ২৬ মার্চ উপলক্ষে মুক্তিযোদ্ধাদের জন্য তৈরিকৃত সম্মাননা ক্রেষ্ট করোনার কারনে প্রদান করা না হওয়ায় আজ রবিবার তা প্রদান করা হয়।

রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সহযোগিতায় হাসপাতালে চিকিৎসা সরঞ্জাম প্রদান

বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও কুষ্টিয়া ৩ সদর আসনের সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ এমপি বলেছেন, আমরা সীমিত সম্পদ দিয়ে যেভাবে দূর্যোগ মোকাবিলা করে যাচ্ছে। তা কেবল সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য।

তিনি রবিবার দুপুরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রোটারি ক্লাব অব কুষ্টিয়ার সহযোগিতায় করোনা রোগীদের জন্য হাইফ্লো নজেল ক্যানোলা, মাস্ক, গার্বেজ ব্যাগ প্রদানকালে একথা বলেন।

তিনি বলেন, কুষ্টিয়াবাসী যেন সঠিকভাবে চিকিৎসা সেবা পায় তার ব্যাবস্থা নিশ্চিত করতে হবে। এজন্য তিনি নির্ভয়ে নিঃসংচে কাজ করতে চিকিৎসকদের প্রতি আহবান জানান।

হানিফ এমপি আরও বলেন, রোটারি ক্লাব অব কুষ্টিয়া যেভাবে মানবিক সহযোগিতা করে আসছে। বিশেষ করে কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে নিরলসভাবে কাজ করার পাশাপাশি খাদ্য সামগ্রী বিতরণ, এবং হাসপাতালে করোনা রোগীদের জন্য হাইফ্লো নজেল ক্যানোলা, মাস্ক, গার্বেজ ব্যাগ বিতরণ করে মানবিকতার পরিচয় দিয়েছে তাদের কৃতজ্ঞতা জানাই।

এ সময় কুষ্টিয়া-১ আসনের সাংসদ আ ক ম সরোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া ৪ আসনের সাংসদ সেলিম আলতাব জর্জ, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সহ-সভাপতি হাজী রবিউল ইসলাম, সাধারণ সম্পাদক আজগর আলী, রোটারি ক্লাব অব কুষ্টিয়ার প্রেসিডেন্ট কাজী শামসুন্নাহার আলো, সেক্রেটারী কেএএম রুয়াইম রাব্বি, প্রোজেক্ট চেয়ার রোটাঃ অজয় সুরেকা, পাস্ট সৈয়দা হাবীবা, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের সাবেক অধ্যক্ষ প্রফেসর ডাঃ এসএম মোস্তানজীদ উপস্থিত ছিলেন।

তথ্যদাতাদের তথ্য গোপন রেখে পুলিশ কাজ করে যাবেঃ এসএম মুরাদ আলী

পুলিশের সবথেকে বড় সোর্স হলো সাধারন জনগন।জনগনের সঠিক তথ্যের উপর ভিত্তি করেই পুলিশ কাজ করে।একটা থানার আওতাধীন অনেক সমস্যা থেকে থাকে যা আমরা সকল কিছু জানতে পারি না। তাই সব সময় আপনাদের সহযোগীতা প্রয়োজন। আপনাদের এলাকার যে কোন ঘটনার সঠিক তথ্য পুলিশকে দেবেন। আপনাদেন পরিচয় গোপন রেখে পুলিশ কাজ করে যাবে।

রবিবার বেলা সাড়ে এগারোটার দিকে
মুজিবনগর দারিয়াপুরে বিট পুলিশিং এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান

অতিথির বক্তব্যে উপস্থিত জনগনের সামনে এ সকল কথা বলেন পুলিশ সুপার এসএম মুরাদ আলী।

বিট পুলিশিং এর বিষয়ে পুলিশ সুপার বলেন,একটা গ্রন্থ এলাকা নিয়ে একটি থানা গঠিত হয়।সাধারন জনগনকে যে কোন ধরনের সেবা নিতে কষ্ট করে থানায় যেতে হয়। আর যেন কাউকে থানায় যেতে না হয় তাই সকলের দাড় গোড়ায় সেবা পৌছে দিতে আমরা উপজেলার প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং এর উদ্যেগ। আপনারা যে কোন ধরনের ছোট খাটো সমস্যা এই বিট পুলিশিং এর কার্যলয় থেকে সমাধান করতে পারবেন।
এছাড়া আপনার জানেন মেহেরপুর জেলায় ইতিমধ্যে অনেকটা মাদক নির্মূলে চলে এসেছি।
আমরা মাদকাশক্তদের সনাক্ত করন করার জন্য কিট নিয়ে আসার ব্যাবস্থা করছি। কিট আসলে পুলিশের ভিতর যারা মাদকাশক্ত আছে আমরা প্রথমত সেই পুলিশ সদস্যদের দিয়ে অভিযান শুরু করবো। আর যদি কেউ মাদকাশক্ত সনাক্তকরন হয় তাহলে তাকে আইনের আওতায় নিয়ে এসে তাকে চাকুরী থেকে বাদ দেওয়ার সকল ব্যাবস্থা গ্রহন করবো।
এছাড়া আপনারা যদি পুলিশকে সহযোগীতা করেন আমি কথা দিচ্ছি আগামী ডিসেম্বরের মধ্যে মেহেরপুর জেলাকে মাদকমুক্ত করবো।

বিশেষ অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম বলেন,বিট পুলিশিং এর মূল উদ্যেশ্য হলো সকল ধরনের সেবা আপনাদের দাড় গোড়ায় পৌছে দেওয়া।আপনারা জানেন ইতিমধ্যে বিভিন্ন থানায় অনলাইনের মাধ্যেমে সেবা চালু হয়েছে। আপনার উপজেলাতেও এই সেবাটি চালু হলে জিডি ও পুলিশ ক্লিয়ারেন্স আপনারা অনলাইনের মাধ্যেমে করতে পারবেন। এতে করে পুলিশের প্রতি জনগনের ভিতি,বিভ্রান্তি ও নিতিবাচক যে ধারনা সেই ধারনা আর তৈরি হবে না।
তিনি বলেন, জাতির যে কোন ধরনের সংকটকালে সবার আগে পুলিশ এগিয়ে আসে।জঙ্গিবাদ নির্মূলে পুলিশের কৃতিত্ব ছিলো বেশি।
আপনারা একটা জিনিস লক্ষ করেছেন হয়তো, বর্তমানে করোনা ভাইরাস বাংলাদেশে ভয়বহ আকারে ধারন করেছে। ইতিমধ্যে আপনারা টেলিভিশনে দেখেছেন করোনায় মৃত্যু হওয়ার কারনে ছেলে মাকে রেখে পালিয়ে গিয়েছে, ভাই বোনকে ফেলে পালিয়েছে। কিন্তু পুলিশ কখনো তাদের রেখে পিছু পা হয়নি।
পুলিশ সব সময় সাধারন জনগনের পাশে রয়েছে আগামীতেও থাকবে।

বিট পুলিশিং উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলগের সভাপতি মুস্তাকিম হক খোকন,সাধারন